

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৬০৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাত এবং ভাল কাজের জন্য মসজিদকে অবস্থানের জায়গা বানিয়ে নেওয়া ব্যক্তির প্রতি আল্লাহর দয়ার দৃষ্টিদান প্রসঙ্গে বর্ণনা

ذَكَرُ نَظَرَ اللَّهِ جَلَّ وَعَلَا بِالرَّأْفَةِ وَالرَّحْمَةِ إِلَى الْمَوْطِنِ الْمَكَانِ فِي الْمَسْجِدِ لِلْخَيْرِ وَالصَّلَاةِ

আরবী

1605 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ حَدَّثَنَا ابْنُ أَبِي ذَنْبٍ عَنْ سَعِيدِ الْمَقْبُرِيِّ عَنْ سَعِيدِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَا يُوطِنُ الرَّجُلُ الْمَسْجِدَ لِلصَّلَاةِ أَوْ لَذِكْرِ اللَّهِ إِلَّا تَبَشَّشَ اللَّهُ بِهِ كَمَا يَتَبَشَّشُ أَهْلُ الْغَائِبِ إِذَا قَدِمَ عَلَيْهِمْ غَائِبُهُمْ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1605 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق الرغيب)) (1/126).

وَهَذَا كَقَوْلِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَحْكِي عَنِ اللَّهِ تَعَالَى: (مَنْ تَقَرَّبَ مِنِّي شَبْرًا تَقَرَّبْتُ مِنْهُ ذِرَاعًا) يُرِيدُ بِهِ: مَنْ تَقَرَّبَ مِنِّي شَبْرًا بِالطَّاعَةِ وَوَسَائِلِ الْخَيْرِ تَقَرَّبْتُ مِنْهُ ذِرَاعًا بِالرَّأْفَةِ وَالرَّحْمَةِ وَلِهَذَا نَظَائِرُ كَثِيرَةٌ سَنَذْكُرُهَا فِي مَوْضِعِهَا مِنْ هَذَا الْكِتَابِ إِنْ يَسَّرَ اللَّهُ ذَلِكَ وَسَهَّلَهُ

قَالَ أَبُو حَاتِمٍ: الْعَرَبُ إِذَا أَرَادَتْ وَصْفَ شَيْئَيْنِ مُتَبَايِنَيْنِ عَلَى سَبِيلِ التَّشْبِيهِ أَطْلَقَتْهُمَا مَعًا بِلَفْظٍ أَحَدِهِمَا وَإِنْ كَانَ مَعْنَاهُمَا فِي الْحَقِيقَةِ غَيْرَ سَيِّئَيْنِ كَمَا قَالَ أَبُو هُرَيْرَةَ: كَانَ طَعَامُنَا عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْأَسْوَدَانِ: التَّمْرُ وَالْمَاءُ فَأُطْلِقُهُمَا جَمِيعًا بِلَفْظٍ أَحَدِهِمَا عِنْدَ التَّثْنِيَةِ وَهَذَا كَمَا قِيلَ: عَدْلُ الْعُمَرَيْنِ فَأُطْلِقَا مَعًا بِلَفْظٍ أَحَدِهِمَا فَتَبَشَّشَ اللَّهُ جَلَّ وَعَلَا لِعَبْدِهِ الْمَوْطِنِ الْمَكَانِ فِي الْمَسْجِدِ لِلصَّلَاةِ وَالْخَيْرِ إِنَّمَا هُوَ

نَظَرُهُ إِلَيْهِ بِالرَّأْفَةِ وَالرَّحْمَةِ وَالْمَحَبَّةِ لِذَلِكَ الْفِعْلِ مِنْهُ

বাংলা

১৬০৫. আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন কোন ব্যক্তি সালাত আদায়ের জন্য অথবা যিকরের জন্য মসজিদকে অবস্থানের জায়গা বানিয়ে নেয়, তখন মহান তার প্রতি তেমন খুশি হন যেমন অনুপস্থিত (প্রবাসী) ব্যক্তির আগমানে তার পরিবারের লোকজন খুশি হন।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “আরবরা যখন সাদৃশ্য হিসেবে দুটো বিপরীতধর্মী বিষয়ের বিবরণ দিতে চান, তখন তারা দুটো শব্দকেই এক শব্দের দ্বি-বচন ব্যবহার করেন, যদিও বাস্তবে দুটো শব্দের অর্থ এক নয়। যেমন: আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু বলেছেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জামানায় আমাদের খাদ্য ছিল কালো দুটো জিনিস। তা হলো খেজুর ও পানি।” এখানে দুটো শব্দকেই এক শব্দের দ্বি-বচন ব্যবহার করা হয়েছে। এই ঐ বাক্যের মতই যেমন, বলা হয়: দুই উমার অর্থাৎ আবু বকর ও উমার রাযিয়াল্লাহু আনহুয়ার ন্যায় পরায়নতা। এখানেই দুটো শব্দকে এক শব্দ দ্বারা প্রকাশ করা হয়েছে। কাজেই মহান আল্লাহ তাঁর বান্দার প্রতি খুশি হন মসজিদে সালাত অথবা ভালো কোন কাজের জন্য জায়গা বানিয়ে নিলে। এর দ্বারা উদ্দেশ্য হলো তার এই আমলের জন্য মহান আল্লাহ তাঁর প্রতি দয়া ও ভালোবাসার দৃষ্টিতে তাকান।

এটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এই কথার মতই, তিনি মহান আল্লাহ থেকে বর্ণনা করেন, মহান আল্লাহ বলেন, “যে ব্যক্তি এক বিঘত আমার নিকটবর্তী হয়, আমি তার দিকে এক হাত নিকটবর্তী হই।” এর দ্বারা উদ্দেশ্য হলো যে ব্যক্তি ভালো আমল ও কল্যাণমূলক কাজের মাধ্যমে আমার নিকটবর্তী হয়, আমি দয়া ও করুণার মাধ্যমে তার এক হাত নিকটবর্তী হবো। এরকম বহু জায়গা রয়েছে। মহান আল্লাহ সহজ করে দিলে যথা স্থানে তার বর্ণনা করবো।”

ফুটনোট

[1] মুসনাদ আত তায়ালিসী: ২৩৩৪; মুসনাদ আহমাদ: ২/৩২৮; ইবনু মাজাহ: ৮০০; মুসনাদ ইবনু জা'দ: ২৯৩৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১২৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=91199>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন